



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ফরিদপুর-০৭/ ২৭ ১০/১৭

তারিখঃ ২৭ /১২/২০১৭খ্রিঃ

বিষয়ঃ অভিযোগ হতে অব্যাহতি প্রদান এবং এডহক কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশাসন/ফরিদপুর-০৭/২৭১৮/৭; তারিখঃ ১২/১০/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জনৈক সাহেরা বেগম কর্তৃক সহকারী জজ, বোয়ালমারী, ফরিদপুর-এ দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং- ১২৪/১৬ এর আদেশের কপি বোর্ডে দাখিল করা হয়। ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলাধীন হরিহরনগর সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষকে মামলায় বর্ণিত অভিযোগের বিষয়ে জবাব ও সমর্থনীয় কাগজপত্র বোর্ডে দাখিল করার জন্য ইতোপূর্বে পত্র দেয়া হয়েছিল। পত্রের প্রেক্ষিতে আপনি যে জবাব দাখিল করেছেন তা পর্যালোচনায় অসত্য তথ্য/বক্তব্য মর্মে বোর্ড কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়।

পরবর্তীতে জনৈক সাহেরা বেগম কর্তৃক সহকারী জজ, বোয়ালমারী, ফরিদপুর-এ দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং- ১২৪/১৬ এ বর্ণিত অভিযোগ বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য এবং অসত্য তথ্য/বক্তব্য দেওয়ায় কেন তাঁর বিরুদ্ধে এমপিও বন্ধসহ বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়া হবে না মর্মে সূত্রে উল্লিখিত স্মারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে আপনি যে জবাব দাখিল করেছেন, তা পর্যালোচনায় বিবেচনাযোগ্য প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় সার্বিক বিবেচনায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ ছিদ্দিকুর রহমান-কে এতদ্বারা অভিযোগ থেকে অব্যাহতি দেয়া হলো এবং বর্তমানে মাদ্রাসায় কোন কমিটি না থাকায় মাদ্রাসা পরিচালনার স্বার্থে অনলাইনে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করার জন্য তাঁকে পরামর্শ দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৫.১২.১৭  
প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব মোঃ ছিদ্দিকুর রহমান, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

হরিহরনগর সিনিয়র মাদ্রাসা, ডাকঘর- নাদের চাঁদঘাট, বোয়ালমারী, ফরিদপুর।

নং-বামাশিবো/প্রশাসন/ফরিদপুর-০৭/

তারিখঃ ১২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, ফরিদপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
৩. জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
৪. সভাপতি- গভার্ণিং বডি, হরিহরনগর সিনিয়র মাদ্রাসা, ডাকঘর- নাদের চাঁদঘাট, বোয়ালমারী, ফরিদপুর।
৫. জনাব সাহেরা বেগম জং মৃত মোঃ আক্বাস মোল্যা, সাং- হরিহরনগর, পোঃ নাদের চাঁদঘাট, বোয়ালমারী, ফরিদপুর।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪